অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/2/2022 **গভর্নর ক্যাথি হোকল**

আতিথেয়তা শিল্পকে একটি অধিকতর কর্মদক্ষ স্টেট লিকার অথোরিটি দিয়ে সহায়তা করার জন্য গভর্নর হোকলের নতুন প্রচেষ্টা ঘোষণা

স্টেটের পানীয় সংক্রান্ত নিয়ন্ত্রক বিধিমালার আধুনিকায়ন করা, ক্ষুদ্র ব্যবসাগুলোকে সহায়তা করা, এবং আতিথেয়তা শিল্পকে ফিরিয়ে আনার জন্য গভর্নর স্থায়ী টু-গো ড্রিঙ্কস ও অন্যান্য বাজেট প্রস্তাবের গুরুত্ব তুলে ধরেন

SLA-এর এই আপগ্রেডের মধ্যে আরো বেশি কর্মী নিয়োগ দেয়া, ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সচল করতে অপেক্ষাকৃত কম সময় নেয়া ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে

SLA-কে স্টেকহোল্ডারদের সাথে কাজ করার জন্য এবং ABC আইনের ABC-তে ফিরে যাওয়ার জন্য বিদ্যমান নিয়ম ও বিধিমালা পর্যালোচনা করার নির্দেশ দিয়েছেন

গভর্নর ক্যাথি হোকল আজ টু-গো ড্রিঙ্কসকে স্থায়ীভাবে বৈধতা প্রদান করা এবং অধিকতর কার্যকর স্টেট লিকার অথোরিটি (State Liquor Authority) নিশ্চিত করার প্রস্তাব সহ নিউ ইয়র্কের রেস্তোরাঁ ও বারগুলোর পুনরুদ্ধারের ক্ষেত্রে সহায়তা করার প্রচেষ্টার কথা ঘোষণা করেছেন। অ্যালকোহল পরিবেশনের জন্য সাময়িকভাবে অনুমতি প্রদান করে ডিসেম্বর মাসে গভর্নরের স্বাক্ষরকৃত একটি আইনের সুবাদে খোলা থাকতে সক্ষম হওয়া ব্রুকলিনের একটি ব্যবসা প্রতিষ্ঠান, থেরাপি ওয়াইন বার 2.0 (Therapy Wine Bar 2.0)-তে একটি অনুষ্ঠানে গভর্নর এসব প্রস্তাব ও পদক্ষেপের কথা তুলে ধরেন। এছাড়াও গভর্নর হোকল স্টেটের অ্যালকোহল আইন হালনাগাদ করার এবং এই মহামারীর কারণে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হওয়া শিল্পগুলোর মধ্যে অন্যতম, স্টেটের বহু বিলিয়ন ডলারের আতিথেয়তা শিল্পকে পুনরুজ্জীবিত করার জন্য স্টেট লিকার অথোরিটির কার্যপরিচালনার ক্ষেত্রে উন্নতি সাধনের জন্য অর্থায়নের প্রস্তাব ঘোষণা করেন। SLA-এর নীতিমালাকে যথাসম্ভব স্মার্ট, কর্মদক্ষ, ও কার্যকর করে তোলা নিশ্চিত করতে, গভর্নর হোকল বিদ্যমান আইনগুলো পর্যালোচনা করা এবং লাল ফিতার দৌরাত্ম্য শনাক্ত করার জন্য শিল্পখাতের প্রতিনিধিদের ও স্টেকহোল্ডারদের সাথে পরামর্শ করার জন্য SLA-কে বাড়তি নির্দেশনা প্রদান করেছেন।

"নিউ ইয়র্কের নাইটলাইফ ও আতিথেয়তা শিল্পের কাছাকাছি কেউ নেই, এবং আমাদের অর্থনীতির এই অত্যন্ত গুরুত্বপূর্ণ খাতটিকে এবং এটির সাথে সম্পৃক্ত হাজার হাজার কর্মসংস্থানকে পুনরুজ্জীবিত না করলে আমরা সত্যিকার অর্থে এই মহামারী থেকে সেরে উঠতে

সক্ষম হবো না," **বলেছেন গভর্নর হোকল।** "আমাদের ক্ষুদ্র ব্যবসাগুলোকে তাদের বেড়ে উঠা ও সমৃদ্ধি লাভের জন্য প্রয়োজনীয় সংস্থান ও নিয়ন্ত্রক অবকাঠামো সরবরাহ করার জন্য আমরা তাদের কাছে ঋণী, এবং সেকারণেই স্টেট লিকার অথোরিটির পুনর্গঠন ও আধুনিকায়ন করা গুরুত্বপূর্ণ। ক্ষুদ্র ব্যবসাগুলোকে মহামারী কাটিয়ে উঠে আগের চেয়ে শক্তিশালী হয়ে ফিরে আসতে সাহায্য করার জন্য আমাদের গৃহীত কয়েকটি পদক্ষেপের মধ্যে এটি মাত্র একটি পদক্ষেপ।"

গভর্নরের সাম্প্রতিক বাজেট প্রস্তাবে উল্লিখিত নিউ ইয়র্কের আতিথেয়তা শিল্পের পুনরুজ্জীবিতকরণের জন্য বহুমুখী প্রচেষ্টার বিভিন্ন বিষয়ের মধ্যে রয়েছে:

ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে দ্রুত খুলতে সাহায্য করার জন্য বর্ধিত তহবিল প্রদান: যেহেতু নিউ ইয়র্কের আতিথেয়তা শিল্প মহামারীর ফলে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হওয়া শিল্পগুলোর মধ্যে অন্যতম, গভর্নর হোকল ব্যবসা প্রতিষ্ঠানগুলো দ্রুত খুলতে সাহায্য করার বিষয়টিকে শীর্ষ অগ্রাধিকার হিসেবে গ্রহণ করেছেন। 30 জনেরও বেশি পূর্ণকালীন কর্মচারী নিয়োগের জন্য ব্যয় বাবদ SLA-এর বাজেটে 2 মিলিয়ন ডলার সংযোজন করার জন্য গভর্নর প্রস্তাব পেশ করেছেন। স্থির ও হ্রাসকৃত বাজেট ও কর্মী সংখ্যা SLA-এর প্রক্রিয়াকরণের সময় উল্লেখযোগ্য হারে কমিয়ে আনার প্রচেষ্টাকে কয়েক বছর ধরে প্রভাবিত করে চলেছে - যে প্রক্রিয়াকরণের সময় বর্তমানে 20-26 সপ্তাহ। সাময়িকভাবে কার্যপরিচালনার পারমিট না থাকা কোনো বার বা রেস্তোরাঁকে হয় খোলার আগে এটির লাইসেন্স পাওয়ার অপেক্ষায় থাকতে হয়, অথবা অ্যালকোহলযুক্ত পানীয় পরিবেশন ছাড়াই খুলতে হয়, যা ব্যবসা প্রতিষ্ঠানের এক তৃতীয়াংশ পর্যন্ত আয়ের প্রতিনিধিত্ব করে। গভর্নরের প্রস্তাবিত সংস্থানগুলো পাওয়ার মাধ্যমে SLA বর্তমান প্রক্রিয়াকরণের সময় কয়েক মাস পর্যন্ত কমিয়ে আনতে সক্ষম হবে। ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে এই মাসগুলো ফিরিয়ে দেওয়া তাদেরকে রাজস্ব অর্জনের সুযোগ করে দিবে এবং তাদের প্রতিবেশী ও কমিউনিটিগুলোকে আরো ভালোভাবে সেবা দেওয়ার জন্য দ্রুত কর্মী নিয়োগ করার সুযোগ করে দিবে।

আবেদন প্রক্রিয়া ত্বরাণ্বিত করা: এছাড়াও গভর্নরের বাজেটে আবেদনকারীদের জন্য বর্তমান আইন অনুযায়ী আবশ্যক অসুবিধাজনক ও অত্যধিক অন্তর্ভুক্তিমূলক বাধ্যবাধকতাগুলো দূরীকরণের মাধ্যমে আবেদন প্রক্রিয়া ত্বরাণ্বিত করার জন্য লাল ফিতার দৌরাত্ম্য কমিয়ে আনার প্রস্তাবও উত্থাপন করা হয়। SLA কর্তৃক লাইসেন্সিং প্রক্রিয়ার ব্যাপক পর্যালোচনায় দেখা গেছে যে সময়ক্ষেপণকারী বাধ্যবাধকতাগুলো, যেমন সংখ্যালঘু স্টেকহোল্ডারদের কাছ থেকে নাগরিকত্ব সংক্রান্ত কাগজপত্র এবং আর্থিক কাগজপত্রের বাধ্যবাধকতা ও ব্যক্তিগত তথ্য, লাইসেন্স প্রদান সংক্রান্ত সিদ্ধান্ত ও জনসাধারণের স্বাস্থ্য ও নিরাপত্তার ক্ষেত্রে প্রায় কোনো গুরুত্ব রাখে না বললেই চলে, এবং লাইসেন্স প্রাপ্তির ক্ষেত্রে অপ্রয়োজনীয় প্রতিবন্ধকতা তৈরি করে।

টু-গো ড্রিঙ্কস: এছাড়াও গভর্নরের বাজেটে ক্ষুদ্র ব্যবসাগুলোর জন্য তার বিলিয়ন ডলারের পুনরুদ্ধার পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে রেস্তোরাঁগুলোতে টু-গো ড্রিঙ্কস স্থায়ীভাবে ফিরিয়ে আনার প্রস্তাব করা হয়েছে। এই নীতিমালা মহামারী চলাকালীন সময়ে আমাদের বার ও রেস্তোরাঁ শিল্পকে একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক লাইফলাইন প্রদান করেছে, এবং

যথাযথ সীমাবদ্ধতার অধীনে এটিকে পুনঃপ্রতিষ্ঠা করা আমাদের বার ও রেস্তোরাঁগুলোকে তাদের নিজের পায়ে দাঁড়ানো ও সমৃদ্ধ হওয়া নিশ্চিত করতে সাহায্য করবে।

SLA-এর আধুনিকায়ন করা: স্টেটব্যাপী প্রায় 70,000 লাইসেন্স ও পারমিট তদারক করা এবং প্রতি বছর হাজার হাজার আবেদন প্রক্রিয়াকরণের জন্য দায়িত্বপ্রাপ্ত সংস্থা হিসেবে SLA-এর জন্য এর কার্যক্রম আধুনিকায়ন ও ত্বরান্বিত করা অব্যাহত রাখা আবশ্যক। গভর্নরের এই বাজেট SLA-এর কয়েক দশকের পুরোনো লাইসেন্সিং ও কমপ্লায়েন্স ডাটাবেসের একটি ব্যাপক সংস্কারের জন্য তহবিল প্রদান অব্যাহত রেখেছে। বর্তমান প্রক্রিয়ায় কাগজের আবেদনপত্র ডাকযোগে SLA-এর কাছে পাঠাতে হয়, এরপর সেগুলো স্ক্যান ও লগ করে পর্যালোচনার জন্য নিরীক্ষকের কাছে পাঠানো হয়। এটি সহ আরো অন্যান্য প্রক্রিয়া কম্পিউটার প্রোগ্রাম দিয়ে আরো বেশি কর্মদক্ষতার সাথে সম্পন্ন করা যেতে পারে। এবছর চালু হতে যাচ্ছে এমন একটি নতুন সিস্টেমের আওতায়, আবেদনপত্র ও পেমেন্ট ইলেক্ট্রনিকভাবে জমা দেয়া যাবে, যা মন্থর গতির ডাক যোগাযোগ ও ম্যানুয়ালভাবে ডাটা এন্ট্রির আশ্রয় নেয়ার প্রয়োজন দূর করবে, ফলে পর্যালোচনার দীর্ঘ সময়ের জন্য দায়ী আবেদন প্রক্রিয়ার বহু ত্রুটি দূর হয়ে যাবে।

এছাড়াও গভর্নর স্টেটের অর্থনীতিতে সহায়তা করার জন্য SLA কর্তৃক বাস্তবায়নকৃত বেশ কিছু সাম্প্রতিক আইনি পরিবর্তন ও প্রশাসনিক নীতিমালার হালনাগাদকরণের কথাও তুলে ধরেন:

নিউ ইয়র্ক সিটিতে ব্যবসা প্রতিষ্ঠানগুলো খুলে দেওয়া ত্বরান্বিত করার জন্য সাময়িক পারমিট প্রদান: 21 ডিসেম্বর, 2021 তারিখে, আইন পরিষদের সাথে সম্মতিতে পৌঁছানোটা সম্প্রসারণ সম্পর্কে একটি সমঝোতায় পৌঁছানোর পরে, গভর্নর হোকল প্রথম বারের মতো নিউ ইয়র্ক সিটির নতুন রেস্তোরাঁ, বার, ও মুদি দোকানগুলোকে একটি সাময়িক কার্যপরিচালনার পারমিট প্রাপ্তির সুযোগ দিয়ে একটি আইনে স্বাক্ষর করেছেন। SLA কর্তৃক ইতোমধ্যে বাস্তবায়ন করা এসব পারমিট এর আগে অযোগ্য বিবেচিত হওয়া এসব ব্যবসা প্রতিষ্ঠানকে সাধারণভাবে 30 দিনের কম সময়ের মধ্যে ব্যবসা প্রতিষ্ঠান খোলা ও অ্যালকোহলযুক্ত পানীয় বিক্রি করার কার্যক্রম পরিচালনা করার সুযোগ করে দিচ্ছে।

ক্র্যাফট প্রস্তুতকারকদের জন্য সাময়িক পারমিট: 21 ডিসেম্বর, 2021 তারিখে গভর্নর ক্র্যাফট পানীয় প্রস্তুতকারকদের জন্য তাদের পূর্ণাঙ্গ লাইসেন্স মুলতবি থাকা অবস্থায় তাদেরকে অ্যালকোহলযুক্ত পানীয় পরিবেশন ও প্রস্তুত করার নতুন পারমিট প্রদান করতে SLA কর্তৃক প্রস্তুতকৃত আরেকটি বিল স্বাক্ষর করেছেন। এই মাসের শেষ থেকে কার্যকর হতে যাওয়া এসব পারমিট ক্র্যাফট প্রস্তুতকারক ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে মাত্র কয়েক সপ্তাহের মধ্যে কার্যক্রম শুরু করে রাজস্ব উপার্জন শুরু করার সুযোগ করে দিবে, যা ক্র্যাফট পানীয় উৎপাদনের দিক থেকে বর্তমানে যুক্তরাষ্ট্রের শীর্ষ পাঁচের মধ্যে থাকা নিউ ইয়র্কের জন্য ক্র্যাফট পানীয় শিল্পে নেতৃত্বের অবস্থান ধরে রাখা নিশ্চিত করবে।

মুভি থিয়েটার: 19 জানুয়ারী, 2022 তারিখে SLA একটি নিয়ম জারি করে যে মুভি থিয়েটার পরিচালনা করা ব্যবসা প্রতিষ্ঠানগুলো, যা এই মহামারীর ফলে বিধ্বস্ত হওয়া আরেকটি শিল্প, এখন তাদের প্রাপ্তবয়স্ক ভোক্তাদেরকে বিয়ার ও ওয়াইন পরিবেশন করার লাইসেন্স পাওয়ার জন্য আবেদন করার যোগ্য বিবেচিত হবে। এই নিয়ম জারি করার আগে, মুভি থিয়েটারগুলো শুধু

তখন লাইসেন্স নিতে পারতো যদি সেগুলো একটি রেস্তোরাঁ হওয়ার সংজ্ঞাও পূরণ করতে পারতো: থিয়েটারের ভেতরে টেবিলের ওপর পূর্ণ আহার পরিবেশনের সুবিধা থাকা, যা বহু থিয়েটারের কার্যক্রম পরিচালনার জন্য বাস্তবসম্মত নয় এবং সকলের জন্যই ব্যয়বহুল।

বার ও রেস্তোরাঁগুলোর জন্য ব্যয় কমানো SLA "স্প্লিট কেস ফি": জনসাধারণের কাছে তাদের বিক্রি করা পানীয় ও ওয়াইনের সম্পূর্ণ কেস ক্রয় করার মতো নগদ অর্থের প্রবাহ, সংস্থান, এবং/অথবা সংরক্ষণের জায়গার অভাব রয়েছে এমন রেস্তোরাঁ ও বারগুলোর উপর প্রযোজ্য হওয়া বাড়তি ফি সংক্রান্ত ন্যায্য সীমাবদ্ধতার ব্যাপারে বিদ্যমান নিয়মগুলো সংশোধনের চেষ্টা করবে। এসব স্প্লিট কেস ফি প্রতি বোতলের জন্য 3 ডলার পর্যন্ত হতে পারে, যা এমন একটি উল্লেখযোগ্য বাড়তি খরচ যেটি অপেক্ষাকৃত ছোট এলাকার বার ও রেস্তোরাঁগুলোর উপর বৈষম্যমূলক প্রভাব ফেলে।

স্বচ্ছতা বৃদ্ধি: গভর্নর হোকল স্বচ্ছতাকে একটি শীর্ষ অগ্রাধিকার হিসেবে গ্রহণ করেছেন। স্বচ্ছতা, ব্যবসায়িক বন্ধুভাবাপন্নতা, ও কমিউনিটির প্রতি দায়িত্বশীলতার জন্য SLA-এর অব্যাহত অঙ্গীকারবদ্ধতার অংশ হিসেবে, SLA এর জনসাধারণের জন্য প্রকাশ্যে লভ্য তথ্যের দীর্ঘ তালিকায় নিম্নলিখিত জিনিসগুলো যোগ করেছে: আবেদনের রসিদ ও ওয়েবসাইটে প্রক্রিয়াকরণের সাধারণ সময় যোগ করা হয়েছে; সম্পূর্ণ বোর্ড রেকর্ডে বোর্ডের আলোচনার সারসংক্ষেপ ও বোর্ডের আইটেম বরাদ্দকরণ যোগ করা হয়েছে; এবং একজন আবেদনকারীর লাইসেন্সপ্রাপ্তির আবেদনের অবস্থার সঙ্গে সিদ্ধান্ত প্রদানের একটি আনুমানিক তারিখ শীঘ্রই যোগ করে দেয়া হবে। সেইসাথে, সম্প্রতি SLA-এর LAMP GIS ম্যাপিং সিস্টেম সম্পূর্ণরূপে পুনর্গঠন করেছে এবং এর সক্ষমতা ও ডাটা উপস্থাপন পরিমার্জনের জন্য কাজ অব্যাহত রেখেছে। এবং সবসময়ের মতোই, SLA-এর সামনের দিকে এগিয়ে যাওয়ার এই সময়ে, এটি জনসাধারণের অ্যাক্সেস ও জবাবদিহিতার প্রতি মনোযোগ নিবদ্ধ রেখেছে।

স্টেট লিকার অথোরিটির সভাপতি ভিনসেন্ট ব্র্যাডলি বলেন, "স্টেট লিকার অথোরিটি আমাদের স্টেটের অত্যন্ত গুরুত্বপূর্ণ আতিথেয়তা শিল্পকে পুনরুজ্জীবিত করার জন্য গভর্নর হোকলের অব্যাহত প্রচেষ্টায় একটি ভূমিকা পালন করতে পেরে গর্বিত বোধ করছে, যেটি এমন একটি শিল্প যা গত দুই বছরে নজিরবিহীন চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছে। দ্রুত পারমিট পাওয়ার ব্যবস্থা করা, লাল ফিতার দৌরাত্ম্য দূর করা, এবং নতুন ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে দ্রুত খোলার জন্য সংস্থান সরবরাহ করার মাধ্যমে গভর্নরের এই সমন্বিত পরিকল্পনা এই শিল্প যাতে আমাদের স্টেটের জন্য একটি অর্থনৈতিক চালিকাশক্তি হিসেবে অবস্থান ধরে রাখতে পারে তা নিশ্চিত করবে।"

স্টেট সিনেটর জেসিকা রামোস বলেন, "স্টেট লিকার অথোরিটির সাময়িক পারমিট প্রদান প্রক্রিয়া ত্বরান্বিত করা, টু-গো ড্রিঙ্কস ফিরিয়ে আনা, এবং গভর্নরের প্রস্তাবের মধ্যে উঠে আসা অন্যান্য সহায়ক পদক্ষেপ নিউ ইয়র্কের আতিথেয়তা শিল্পকে প্রয়োজনীয় উদ্দীপনা যোগাবে। আমরা ক্ষুদ্র ব্যবসাগুলোর জন্য সহজতর অবস্থা তৈরি করতে পারি এবং এর মাধ্যমে আমাদের বাণিজ্যিক করিডরগুলোকে প্রাণবন্ত রাখতে পারি। উষ্ণ আবহাওয়ার দিন এগিয়ে আসছে এবং NYC কাউন্সিল (NYC Council) উন্মুক্ত রেস্তোরাঁগুলো উন্নত করার জন্য পদক্ষেপ গ্রহণ করছে,

তাই আমি টু-গো ড্রিঙ্কস সংক্রান্ত এই পদক্ষেপ চূড়ান্ত পর্যান্ত নিয়ে যেতে আমার অংশের দায়িত্বটুকু পালন করতে প্রস্তুত আছি।"

নিউ ইয়র্ক স্টেট রেস্তোরাঁ সমিতির (New York State Restaurant Association) প্রেসিডেন্ট ও CEO মেলিসা অউটিলিও ফ্লেইসচুট বলেন, "গভর্নর হোকল সুস্পষ্টভাবেই স্টেটের আতিথেয়তা শিল্পের দুরবস্থা অনুধাবন করতে পারছেন এবং আমাদের সেরে উঠা ত্বরাণ্বিত করার জন্য কাজ করে যাচ্ছেন। যেখানে আমরা এখনো কোভিড-19 মহামারীর দীর্ঘস্থায়ী প্রভাবসমূহ মোকাবেলার জন্য কাজ করে যাচ্ছি, প্রস্তাবিত এসব পুনর্গঠন ব্যবসা প্রতিষ্ঠানগুলোর পরিস্থিতি উন্নয়নের ক্ষেত্রে সুদূরপ্রসারী ভূমিকা পালন করবে। যদিও আমরা এখনো পরিস্থিতি মোকাবেলা করে উত্তরণ করতে সমর্থ হইনি, আমরা ভবিষ্যত সম্পর্কে আশাবাদী, এবং এই বিষয়টি সহ টু-গো ড্রিঙ্কস স্থায়ী করার মতো অন্যান্য বিষয়ে গভর্নর হোকলের নেতৃত্বকে আমরা মূল্য দিই।"

NYC হসপিটালিটি অ্যালায়েন্স (NYC Hospitality Alliance)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর অ্যান্ড্রু রিজি বলেন, "মহামারীর ফলে নিউ ইয়র্কের রেস্তোরাঁ শিল্প ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। সেকারণেই সাময়িকভাবে পানীয়ের লাইসেন্স প্রদানের আইনের মতো স্মার্ট নীতিমালা ক্ষুদ্র ব্যবসাগুলোকে অনেক বেশি দ্রুত কার্যক্রম চালু করতে সাহায্য করার পাশাপাশি নতুন কর্মসংস্থান তৈরিতে সাহায্য করছে, এবং একারণেই জনপ্রিয় ড্রিঙ্কস টু-গো নীতিমালা পুনরায় বহাল করা অপরিহার্য হয়ে পড়েছে যা সংগ্রামে লিপ্ত ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য রাজস্ব উপার্জনের একটি গুরুত্বপূর্ণ পথ করে দেয় এবং একই সময়ে নিউ ইয়র্কবাসীদেরকে তাদের কাঙ্ক্ষিত জিনিস প্রদান করে, আর সেটা হলো তাদের প্রিয় রেস্তোরাঁ ও বার থেকে ঘরে নিয়ে যাওয়া ও ডেলিভারির জন্য ওয়াইন ও ককটেল নিতে পারা। আমরা এই গুরুত্বপূর্ণ সাময়িক পানীয় লাইসেন্স আইন প্রণয়নের জন্য গভর্নর হোকলকে, এই আইনের প্রতি সমর্থন প্রকাশের জন্য সিনেটর রামোস ও অ্যাসেম্বলি সদস্য ডিকেন্সকে ধন্যবাদ জানাই, এবং এখন আমরা ড্রিঙ্কস টু গো ফিরিয়ে আনার জন্য তার নেতৃত্ব প্রদান এবং স্টেট লিকার অথোরিটিকে নতুন ও বিদ্যমান ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সেরা সেবা পৌঁছে দেয়ার জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদানের ক্ষেত্রে গভর্নরের সাথে একসঙ্গে কাজ চালিয়ে যাওয়ার প্রত্যাশা রাখি। সাবাশ নিউ ইয়র্ক!"

এম্পায়ার স্টেট রেস্তোরাঁ ও ট্যাভার্ন অ্যাসোসিয়েশনের (Empire State Restaurant & Tavern Association) এক্সিকিউটিভ ডিরেক্টর স্কট ওয়েক্সলার বলেন, "নিউ ইয়র্কের রেস্তোরাঁ ও ট্যাভার্নগুলোকে সহায়তা করার জন্য গভর্নর হোকলের প্রচেষ্টাগুলো এই শিল্পের কর্মসংস্থানের অবস্থাকে মহামারীর আগের অবস্থায় ফিরিয়ে নেওয়ার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এসব পদক্ষেপ ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে আরো দ্রুত তাদের ব্যবসার দরজা খুলে দেয়ার সুযোগ করে দিবে, ব্যবসা মালিক ও কর্মচারীদের জন্য নতুন রাজস্ব নিয়ে আসবে, এবং নিউ ইয়র্ক স্টেট ব্যাপী সব এলাকায় অর্থনৈতিক সজীবতা ফিরিয়ে আনতে সাহায্য করবে।"

NYS ল্যাটিনো রেস্তোরাঁ বার ও লাউঞ্জ অ্যাসোসিয়েশনের (NYS Latino Restaurant Bar & Lounge Association) প্রেসিডেন্ট অ্যারেলিয়া ট্যাভেরাস বলেন, "স্টেট লিকার অথোরিটির আধুনিকায়ন ও পুনর্গঠনের জন্য এবং আরো বেশি কর্মী নিয়ে রেস্তোরাঁ ও ব্যবসায়িক কমিউনিটিগুলোকে সেবা পৌঁছে দেওয়ার জন্য এটির সক্ষমতা জোরদার করার জন্য এবং

ইলেক্ট্রনিক উপায়ে আবেদন জমা দেওয়ার সুযোগ বাস্তবায়নের জন্য আজ এসব বাস্তবসম্মত ও সাহসী পদক্ষেপ গ্রহণ করায় আমরা গভর্নর হোকলের প্রশংসা করি। টু-গো ড্রিঙ্কস এবং আবেদন প্রক্রিয়া ত্বরান্বিত করা সহ নির্বাহী বাজেটে গভর্নরের উত্থাপিত প্রস্তাবগুলোর পাশাপাশি এসব পদক্ষেপ মহামারী চলাকালীন সময়ে কার্যক্রম সচল রাখার প্রচেষ্টা চালিয়ে যাওয়ার পাশাপাশি SLA প্রক্রিয়া সম্পন্ন করতে সংগ্রামে লিপ্ত নতুন ও বিদ্যমান রেস্তোরাঁ ও বারগুলোর জন্য একটি অসাধারণ পার্থক্য রচনা করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন